

কর্মবিরতির ২৯ দিন
পলিটেকনিক শিক্ষকদের
মধ্যে চরম ক্ষোভ

কাগজ প্রতিবেদক : ১০ দফা দাবিতে পলিটেকনিক শিক্ষক-শিক্ষিকাদের অবিরাম কর্মবিরতির ২৯ দিন গতকাল অতিবাহিত হয়েছে। কর্মবিরতির এই দীর্ঘ দিনেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জটিলতার নিরসন করতে ব্যর্থ হচ্ছেন। ফলে শিক্ষকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। ২০ হাজার ছাত্র-ছাত্রী অনির্দিষ্ট উৎসায় পতিত হয়েছে। শিক্ষক সমিতি এই অবস্থার অবসানে অবিলম্বে ১০ দফা দাবি মেনে নেয়ার জন্যে কার্যকর ব্যবস্থা গ্রহণের আহবান জানিয়েছে। এদিকে পলিটেকনিক শিক্ষক সমিতি আগামী ২৯ অক্টোবর ঢাকায় মহাসমাবেশ ও ২৫ অক্টোবর শিক্ষাভবনে ও দেশের যে সব জেলায় পলিটেকনিক আছে সেখানকার জেলা প্রশাসকের দপ্তরে ২ ঘণ্টার অবস্থান ধর্মঘট কর্মসূচি ঘোষণা করেছে। ২৯ অক্টোবর সমাবেশের পর সংসদের স্পীকার, সংসদ নেত্রী, বিরোধী দলের নেত্রীর কাছে স্বাক্ষরিত পত্র দেয়া হবে।